যায়যায়দিন

তারিখ ... 14 MAY 2010 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# পবিপ্রবিতে ২০ ছাত্রলীগ কর্মী বহিষ্কার, ক্যাম্পাসে দাঙ্গা পুলিশ মোতায়েন

পবিপ্রবি প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ২০ কর্মীকে বহিষ্কার ও ১৯ জনকে অর্থদণ্ডে দণ্ডিত করেছে প্রশাসন। ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বৃহস্পতিবার শৃঙ্খলা বোর্ডের ৮ম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ক্যাম্পাসে দাঙ্গা-পুলিশ মোতায়েন করা হয়েছে।

ক্যাম্পাস সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের ৮ম সভা অনুষ্ঠিত হয় গত মঙ্গলবার। এ সভায় ফেব্রুয়ারি মাসে ছাত্রদের মধ্যে মারামারি ও অনাকাঙ্ক্ষিত ঘটনার কারণ না দর্শানোর অভিযোগ, ৬ মে শের-ই-বাংলা হলে ছাত্রদের অসামাজিক কর্মকাণ্ডসহ বিবিধ বিষয় পর্যালোচনা করে বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃঙ্খলা বিধি অনুযায়ী ২০ শিক্ষার্থীকে বহিষ্কার ও ১৯ শিক্ষার্থীকে অর্থদণ্ডে দণ্ডিত করার সুপারিশ করেছে শৃঙ্খলা কমিটি।

বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার নাসের সালেহ চৌধুরী স্বাক্ষরিত চিঠি থেকে জানা যায়, কৃষি অনুষদের মঞ্জুর রহমান জনি (৪র্থ সেমিস্টার), মাধব চন্দ্র শীল (৭ম সেমিস্টার), নিয়াজ মোর্শেদ শাওন (৬ষ্ঠ সেমিস্টার), আরিফুর রহমান পিয়েল (৩য় সেমিস্টার), কম্পিউটার বিজ্ঞান ও পবিপ্রবিতে : পৃষ্ঠা ৪ কলাম ৬

## পবিপ্রবিতে : বহিষ্কার

(প্রথম পৃষ্ঠার পর)

প্রকৌশল (সি এস ই) অনুষদের মাজহারুল ইসলাম শাকিল (৭ম সেমিস্টার) এবং ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা (বি এ এম) অনুষদের খালিদ মাহমুদ মানকে (৭ম সেমিস্টার) চলমান সেমিস্টারসহ দুই সেমিস্টারের জন্য বহিষ্কার ও পাঁচ হাজার টাকা জরিমানা করেছে প্রশাসন।

এছাড়াও এক সেমিস্টারের জন্য বহিষ্কার করা হয়েছে কৃষি অনুষদের অনন্তিকুর রহমান খান (৭ম সেমিস্টার), মনিরুজ্জামান মিঠু (৭ম সেমিস্টার), রকিবুল ইসলাম রনি (৭ম সেমিস্টার), কাওছার হোসেন তরুন (৭ম সেমিস্টার), মহসিন উল সাঈদ তুষার (৭ম সেমিস্টার), রমেশ চন্দ্র দাস (৬ষ্ঠ সেমিস্টার), সোহাগ মিয় (৪র্থ সেমিস্টার), আবু সাঈদ মো. হাসান (৪র্থ সেমিস্টার), বেলাল হোসেন রাজিব (৪র্থ সেমিস্টার), বি এ এম অনুষদের শুভ (৭ম সেমিস্টার), সঞ্জীব সরকার পিন্টু (৬ষ্ঠ সেমিস্টার), আকবর আলী জনি (৪র্থ সেমিস্টার), অর্জুনী মার্জন (৩য় সেমিস্টার), সি এস ই অনুষদের সুমন চন্দ্র শীলকে।